তারিখ ... 24 JUL 2016 ...
পৃষ্ঠা ...২...৬ কলাম ...২ ......

দৈনিক ইত্তেফাক

# স্কুল ও কলেজ জাতীয়করণের দাবিতে বিভিন্ন স্থানে আন্দোলন অব্যাহত

■ ইত্তেফাক ডেস্ক

১৯৯টি কলেজ জাতীয়করণের তালিকায় নাম না উঠা এবং কলেজ জাতীয়করণের দাবিতে বিভিন্ন স্থানে আন্দোলন অব্যাহত রয়েছে খবর ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের।

**টাঙ্গাইলে বালিকা উচ্চ বিদ্যালয় জাতীয়করণের দাবিতে সংবাদ সম্মেলন**

টাঙ্গাইলে পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় জাতীয়করণের দাবিতে সংশ্লিষ্ট স্কুলসমূহের শিক্ষকরা গত মঙ্গলবার টাঙ্গাইল প্রেসক্লাবের বঙ্গবন্ধু অডিটরিয়ামে সংবাদ সম্মেলন করেছেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, বাসাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম, সখীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাইয়ুম হোসাইন, ভুঞাপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক লাল মাহমুদ মিঞা ও ধনবাড়ী সাকিনা মেমোরিয়াল গার্লস হাই স্কুলের সহকারী শিক্ষক মুহাম্মদ সোলায়মান আকন্দ প্রমুখ।

সংবাদ সম্মেলনে মির্জাপুর উপজেলা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুলতান উদ্দিন উল্লেখ করেন, সারাদেশে স্কুল, কলেজ সরকারিকরণের লক্ষ্যে শতাধিক স্কুলের তালিকা প্রকাশ করা হয়েছে। ওই তালিকায় মাত্র আটটি বালিকা বিদ্যালয় অন্তর্ভুক্ত হয়েছে যা অতি নগণ্য। অথচ যোগ্যতা থাকা সত্ত্বেও উপজেলা পর্যায়ের পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়গুলো তালিকাভুক্ত হয়নি। দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী। এই বিষয়টি মাথায় রেখে সরকার উপজেলা পর্যায়ের পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়গুলো জাতীয়করণ করবেন এমনটাই সবার প্রত্যাশা।

**জীবননগরে মানববন্ধন**

জীবননগর ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে মানববন্ধন হয়েছে। গতকাল বুধবার কলেজ সড়কের অনুষ্ঠিত মানববন্ধনে কলেজের প্রায় দুই সহস্রাধিক ছাত্র-ছাত্রী, শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। মানববন্ধন শেষে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহা. আলী আখতারের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে জীবননগর ডিগ্রি কলেজকে জাতীয়করণের দাবি জানিয়ে বক্তব্য রাখেন, প্রভাষক ইউনুছ আলী, প্রভাষক সাইফুল ইসলাম, কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্র মিঠুন মাহমুদ, সোনিয়া জান্নাত ও দ্বাদশ শ্রেণির ছাত্র সাইদুর রহমান।

**নেত্রকোনার আটপাড়া কলেজে মিছিল ও সমাবেশ**

জেলার আটপাড়া কলেজ সরকারিকরণের দাবীতে গত মঙ্গলবার আটপাড়ায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে কলেজ সরকারিকরণ না করা হলে অনশন, অবরোধ, হরতালসহ বৃহত্তর আন্দোলনের আল্টিমেটাম দেয়া হয়।

আটপাড়া কলেজ জাতীয়করণ সমন্বয় কমিটির উদ্যোগে মঙ্গলবার বিকেলে কলেজ চত্বরে বন্যা আশ্রয় কেন্দ্রে সমাবেশ অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি আটপাড়া কলেজের অধ্যক্ষ মোজাম্মেল হকের সভাপতিত্বে ও কলেজের সাবেক অধ্যক্ষ নিরঞ্জন পাল সৈকতের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আটপাড়া উপজেলা চেয়ারম্যান আলহাজ খায়রুল ইসলাম, জেলা আওয়ামী লীগ নেতা মজিবুর রহমান জজ, সদর ইউপি চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফেরদৌস রানা আনজু, ইউপি চেয়ারম্যান আবদুস সাত্তার, সানোয়ার উদ্দিন সানু, মাহফুজুল ইসলাম শিরিনি, বিআরডিবির সাবেক চেয়ারম্যান মিজানুর রহমান নন্দন, কলেজের সাবেক ছাত্র জিয়াউল হক চৌধুরী, উপজেলা ছাত্রলীগের সভাপতি রাহাত বিশ্বাস, সম্পাদক তানভীর আহমেদ, অধ্যাপক তপন কুমার সাহা, কলেজ পরিচালনা কমিটির সদস্য খলিলুর রহমান কানন প্রমুখ। পরে কলেজ থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। উল্লেখ্য, আটপাড়া কলেজ সরকারিকরণের দাবিতে গত ১২ জুলাই থেকে কলেজের শিক্ষক, শিক্ষার্থী, এলাকাবাসীসহ সকল স্তরের মানুষ লাগাতার আন্দোলন করে যাচ্ছে।